# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তওয়াফ ইফাযাহ্র করা কালীন সময়ে কোন মহিলার মাসিক শুরু হলে কি করবে? অভিভাবককে লজ্জায় বলতে না পেরে কেউ যদি সেই অবস্থাতেই তওয়াফ-আদি সেরে বাড়ী ফিরে প্রকাশ করে, তাহলে করণীয় কি?

তওয়াফ ইফাযাহ্র করা কালীন সময়ে কোন মহিলার মাসিক শুরু হলে তওয়াফ ছেড়ে মসজিদের বাইরে চলে যাবে। কিন্তু লজ্জায় বলতে না পারে কেউ যদি সেই অবস্থাতেই তওয়াফ-আদি সেরে বাড়ী ফিরে প্রকাশ করে, তাহলে তাঁর স্বামী বা অভিভাবকের উচিৎ, তাকে পুনরায় মক্কায় নিয়ে এসে তওয়াফ করানো। (আর সাঈ শুদ্ধ হয়ে গেছে।)এর মধ্যে যদি সে সুগন্ধি ইত্যাদি ব্যবহার করে থাকে, তাহলে ৩টি রোযা রাখবে অথবা ৬টি মিসকিন মিসকীনকে (সওয়া ১ কিলো করে চাল) খাদ্য দান করবে অথবা ১টি ছাগল বা ভেড়া কুরবানী দিতে হবে। স্বামী-সহবাস করে থাকলে মক্কায় ১টি কুরবানী দিয়ে তাঁর মাংস হারামের ফকীরদের মাঝে বিতরণ করবে। আর এমন মহিলাকে উক্ত কাজের জন্য অবশ্যই তওবা করতে হবে। ৩৪৭ (ফাতাওয়া ইসলামিয়্যাহ ২/২৩৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন